উপজেলা পরিসংখ্যান অফিস
প্রাপ্তি নং- ০২৮
তারিখ: ০৪/০১/২৪
গৌরনদী, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প**
পরিসংখ্যান ভবন
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৬৩৫.১১.০০২.২৩-০৬২

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের মাঠ পর্যায়ের শুমারি কার্যক্রমের জন্য তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পটি ২৯ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১ অক্টোবর ২০২৩ তারিখ প্রশাসনিক আদেশ প্রাপ্ত হয়।

২। কৃষি বহির্ভূত সকল ধরনের প্রতিষ্ঠান ও অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানা এ শুমারির আওতাভুক্ত হবে। অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের মাধ্যমে দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা হবে। এ শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম দুটি পর্বে বাস্তবায়িত হবে। ১ম পর্বে সারাদেশের অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহকে লিস্টিং (তালিকাভুক্ত) করা হবে এবং ২য় পর্বে তালিকাভুক্ত অর্থনৈতিক প্রতিষ্ঠান এবং অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানাসমূহের বিস্তারিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। শুমারির লিস্টিং কার্যক্রম আগামী এপ্রিল, ২০২৪ এবং মূল শুমারির কার্যক্রম ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর/ডিসেম্বরে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। শুমারির লিস্টিং কার্যক্রমের জন্য সারাদেশে তালিকাকারী এবং ২য় পর্বের মূল শুমারির তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োজিত থাকবে।

৩। বিবিএস'র সদ্য সমাপ্ত জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রমের ন্যায় ডিজিটাল ডিভাইস (ট্যাবলেট) ব্যবহার করে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে অর্থনৈতিক শুমারির ২০২৩ এর তথ্য সংগ্রহ করা হবে। তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারগণকে ট্যাবলেট পরিচালনায় দক্ষ ও পারদর্শী হতে হবে। এ বিবেচনায় প্রথমত: ২০২২ সালে উপজেলা নির্বাহী অফিসার / সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক নিয়োগকৃত জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্যানেল হতে সর্বোত্তম তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজারগণকে নির্বাচন করতে হবে। এছাড়া তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার আরও প্রয়োজন হলে নিম্নোক্ত কমিটির দিকনির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বিক তত্ত্বাবধানে বিবিএস এর জোনাল অফিসারগণ নির্বাচন করবেন।

৪। অর্থনৈতিক শুমারির মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের জন্য যে সংখ্যক তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার প্রয়োজন হবে তার একটি আনুমানিক হিসাব উপজেলা পর্যায় পর্যন্ত প্রাক্কলন করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রসঙ্গত উল্লেখ্য যে, বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারিতে এ ধরণের কার্যক্রমে সহযোগিতা প্রদানে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে মাঠ প্রশাসনে স্থায়ীভাবে বিভাগ/জেলা/উপজেলা/সিটি কর্পোরেশন ইত্যাদিতে বিভিন্ন কমিটি গঠন করা আছে (কপি সংযুক্ত)। এ প্রেক্ষিতে অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের প্রকল্প দলিল অনুযায়ী তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপভাবে তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্বাচন কমিটি এবং কার্যপরিধি উল্লেখ করা হলো:

**তালিকাকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তার পরিচিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার /আঞ্চলিক নির্বাহী অফিসার (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | সভাপতি |
| ২ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/ সমমানের কর্মকর্তা (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | সদস্য |
| ৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সমমানের কর্মকর্তা (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | সদস্য |
| ৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সমমানের কর্মকর্তা (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) | সদস্য |
| ৫ | উপজেলা পরিসংখ্যান অফিসার/ উপজেলা শুমারি সমন্বয়কারী/জোনাল অফিসার | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) বিবিএস'র জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রম এবং অন্যান্য জরিপকাজে নিয়োজিত শুমারি/জরিপকর্মীগণের মধ্য হতে অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের মাঠ পর্যায়ের ১ম পর্বের লিস্টিং কার্যক্রমের জন্য তালিকাকারী (অপেক্ষমান তালিকাসহ) এবং

CamScanner

২য় পর্বের মূল শুমারির তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার (অপেক্ষমান তালিকাসহ) নির্বাচন করা;

খ) কমিটি সভা আয়োজনের মাধ্যমে প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তালিকা বিশ্লেষণ করে তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্বাচন করতে পারবে;

গ) কমিটি তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার পুলে প্রতিটি মৌজার প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীর অংশগ্রহণ নিশ্চিত করবে; এবং

ঘ) বিবিধ

৫। বর্ণিতাবস্থায়, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রমের জন্য তালিকাকারী (অপেক্ষমান তালিকাসহ) এবং মূল শুমারির তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার (অপেক্ষমান তালিকাসহ) নির্বাচন পূর্বক চূড়ান্ত তালিকা আগামী ২১ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**

১) অর্থনৈতিক শুমারি ২০২৩ এর তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারের আনুমানিক হিসাব: ০১ পাতা

২) মাঠ পর্যায়ে শুমারি কমিটি গঠন সংক্রান্ত পরিপত্র: ০৩ পাতা

৩) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পে ইতোপূর্ব নির্বচিত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার তালিকা
সংক্রান্ত ডাটাবেইজ ই-মেইলে প্রেরণ করা হবে।

২৫/১২/২০২৩


মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd


**বিতরণ:**

(১) যুগ্মপরিচালক, .......................................................বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়।
(২) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়, ............................................ জেলা।
(৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ..................................................................... সিটি কর্পোরেশন।
(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ..................উপজেলা, .................. জেলা।
(৫) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (সকল), উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ..................... উপজেলা, ...................জেলা।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

(১) প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, ঢাকা।
(২) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল), ................................................ সিটি কর্পোরেশন (তাঁর অধীন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
(৩) জেলা প্রশাসক, ................................................... জেলা (তাঁর অধীন উপজেলা নির্বাহী অফিসারগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
(৪) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৫) অফিস কপি।

CamScanner